



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩. ৫০৮২

তারিখ: ০৪ .১০.২০২৩ খ্রি.

বিষয়: শিক্ষার্থীদের নিকট থেকে অগ্রীম ফিস আদায় সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষের মাধ্যমিক/সমমানের সকল শ্রেণির বার্ষিক পরীক্ষা/মূল্যায়ন নভেম্বর মাসের মধ্যে সমাপ্ত করার নির্দেশনা প্রদান করা হয়েছে। এ অজুহাতে কতিপয় শিক্ষা প্রতিষ্ঠান হতে অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর মাসের বেতনসহ অন্যান্য পাওনাদি শিক্ষার্থীদের নিকট থেকে একসঙ্গে অগ্রীম আদায়ের নোটিশ দেওয়া হয়েছে, যা গ্রহণযোগ্য নয়।

২। সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের নিকট হতে বেতনসহ অন্যান্য পাওনাদি স্ব স্ব মাসেই গ্রহণ করতে হবে। এক সঙ্গে একাধিক মাসের পাওনাদি অগ্রীম গ্রহণ করা যাবে না।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
ফোন ৪১০৫০১১৮
addshesecondary2@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড (সকল)
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০৫। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
[পত্রের নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ০৭। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
[পত্রের নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৯। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
[পত্রের নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ১০। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
[পত্রের নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ১১। সভাপতি, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি.....
[পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়নের অনুরোধসহ]
- ১২। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ১৩। সংরক্ষণ নথি।